

## হিমালয়ের পথে

- অপর্ণা গোস্বামী

এ যেন সেই ভুবনো জোড়া আসনখানি -  
মলে রেখেছেন সামনে আখির,  
হাতে নিয়ে রঙ ও তুলি  
ইচ্ছে মত ঐকে গেছেন মন ভুলি ।  
যেদিকে তাকাই যতদূর যাই  
তোমার সৃষ্টির তুলনা নাই,  
কখনও বাদামি কখনও সবুজ  
কখনও কৃষ্ণকালো বা ধূসর ছাই,  
মাঝে লাগে ভয় তোমার রূপের  
আবার স্নিগ্ধ কোমল - নাই ভয় নাই ।  
ইচ্ছে হল তোমার বুঝি, বদলে দিলে রঙের তুলি ?  
পরিয়ে দিলে ইচ্ছে মত সাদা বরফের টুপি ।  
কি অপূর্ব শ্বেত শুভ্র তুষার শৃঙ্গ তোমার,  
যেন আপন গরিমায়, সূর্যের লালিমায় -  
চারিদিক ধাঁধিয়ে দেয় সোনালী আভায় ।  
কাকে দেখি, কোন দিকেতে চাই -  
এদিক ওদিক চড়াই উত্তরাই,  
বয়ে চলেছেন মা ভাগীরথী  
উৎস তার গোমুখ গ্লেসিয়ার ।  
তারও পরে শিবলিঙ্গ তপোবন  
নিজ গান্ধীর্যে নিস্তরক নির্জন,  
শুধু বয়ে চলেছে, ছুটে চলেছে, নিজের ছন্দে মাতাল হয়ে  
মা ভাগীরথী - উপরে, নীচে, ডাঁয়ে ও বাঁয়ে ।